বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩০২ তারিখঃ ২৫ জৈষ্ঠ্য, ১৪২৯ বঙ্গাব্দ
০৮ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৮২৬ তম কমিশন সভা অদ্য ০৮/০৬/২০২২ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:-

০১. কমিশন অদ্যকার সভায়, Navana Pharmaceuticals Limited এর আবেদনের প্রেক্ষিতে ৭৫.০০ কোটি টাকা বুক বিল্ডিং পদ্ধতিতে Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015 অনুযায়ী প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে উত্তোলন করার প্রস্তাব অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। এই IPO এর মাধ্যমে ৭৫.০০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে কোম্পানিটি নতুন সাধারণ উৎপাদন ভবন নির্মাণ, নতুন ইউটিলিটি এবং ইঞ্জিনিয়ারিং ভবন নির্মাণ, সেফালোস্পোরিন ইউনিটের সংস্কার, আংশিক ঋণ পরিশোধ এবং ইস্যু ব্যবস্থাপনা খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ১লা জুলাই, ২০২১ হতে ৩১ মার্চ, ২০২২ পর্যন্ত সময়কালের (নয় মাস) আর্থিক বিবরণী অনুযায়ী পুন:মূল্যায়ন সহ শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য (NAV per share with Revaluation Surplus) ৪৩.৫৩ টাকা, পুন:মূল্যায়ন ছাড়া শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য (NAV per share without Revaluation Surplus) ১৯.০২ টাকা, শেয়ার প্রতি আয় ২.৩৯ টাকা এবং বিগত ৫ বছরের ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় ২.৫১৬ টাকা। Navana Pharmaceuticals Limited, cut off price থেকে 30% discount এ সাধারণ বিনিয়োগকারীর (General Public) নিকট শেয়ার ইস্যু করবে। উল্লেখ্য যে, কোম্পানিটি fair value এর উপর ২০% প্রিমিয়াম (সর্বোচ্চ বিডিং সীমা) এ Employees & others এর নিকট ১৫% শেয়ার ইস্যু করবে এবং উক্ত শেয়ার ২ বছরের lock-in period এ থাকবে। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে এশিয়ান টাইগার ক্যাপিটাল পার্টনারস ইনভেস্টমেন্টস লিমিটেড এবং ইবিএল ইনভেস্টমেন্টস লিমিটেড। উল্লেখ্য যে, পুঁজিবাজারে তালিকাভুক্তির পূর্বে কোম্পানিটি কোন প্রকার লভ্যাংশ ঘোষণা, অনুমোদন বা বিতরণ করতে পারবে না।

০২. কমিশন অদ্যকার সভায়, পুঁজিবাজারে তারল্য বৃদ্ধি, সাধারণ বিনিয়োগকারীদের দীর্ঘমেয়াদী বিনিয়োগ অভ্যাস গড়ে তোলা ও প্রকৃত বিনিয়োগকারীদের আইপিও আবেদনে সুযোগ প্রদানের লক্ষ্যে এনআরবি সহ সাধারণ বিনিয়োগকারীদের তালিকাভুক্ত সিকিউরিটিজে বিনিয়োগ সীমা ২০.০০ (বিশ) হাজার টাকার পরিবর্তে নিম্নোক্তভাবে নির্ধারণ করা হ'ল:-

| বিবরণ | নতুন বিনিয়োগ সীমা |
|---|---|
| সাধারণ বিনিয়োগকারী (এনআরবি ব্যতিত) | ৫০,০০০/- টাকা |
| এনআরবি | ১,০০,০০০/- টাকা |

০৩. কমিশন অদ্যকার সভায়, বে-মেয়াদি 'Blue-Wealth 1st Balanced Fund (Open-end)' -এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ২৫.০০(পঁচিশ) কোটি টাকা। এর মধ্যে উদ্যোক্তা 'ব্লু-ওয়েলথ অ্যাসেটস লিমিটেড' ২.৫০ কোটি টাকা প্রদান করেছে (ফান্ডের প্রাথমিক আকারের ১০ শতাংশ) এবং বাকি টাকা সাধারণ বিনিয়োগকারীগণের জন্য উন্মুক্ত থাকবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০.০০(দশ) টাকা। উক্ত ফান্ডের সম্পদ ব্যবস্থাপক হলো 'ব্লু-ওয়েলথ অ্যাসেটস লিমিটেড'। ফান্ডের ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে যথাক্রমে 'সন্ধানী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড' এবং 'ব্র্যাক ব্যাংক লিমিটেড'।

08-06-2022

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র